# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 05-08-2025 Time: 7.50 PM.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যের ভোটার তালিকায় ভুয়ো ভোটারের নাম তোলার অভিযোগে ভারতের নির্বাচন কমিশন, রাজ্য সরকারকে চার সরকারি আধিকারিককে সাসপেন্ড করতে বলেছে। এদের বিরুদ্ধে এফ আই আর দায়ের করতেও বলা হয়েছে।

২) কোচবিহারের খাগড়াবাড়িতে রাজ্যের মন্ত্রী উদয়ন গুহের নেতৃত্বেই তাঁর কনভয়ে হামলা চালানো হয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি অভিযোগ করেছেন।

৩) সুপ্রিমকোর্টের সঞ্জয় কারল ও বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চ রাজ্যকে আবারও সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্য ভাতার কিছুটা মিটিয়ে দিতে বলেছে।

৪) ২০২৬ সালে বিধানসভা নির্বাচনের পরই ঘাটালে বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনা শুরু হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

৫) লোকসভায় তৃণমূল কংগ্রেসের নতুন মুখ্যসচেতক হলেন কাকলী ঘোষদস্তিদার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় অবৈধভাবে ভুয়ো ভোটারের নাম তোলার অভিযোগে ভারতের নির্বাচন কমিশন, রাজ্যের চার সরকারি আধিকারিককে সাসপেন্ড করার জন্য রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে। একই সঙ্গে এদের বিরুদ্ধে অবিলম্বে এফআইআর দায়ের করতে রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থের কাছে চিঠি পাঠিয়েছে কমিশন। রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে নির্বাচন কমিশন জানিয়েছে, এই আধিকারিকরা শুধুমাত্র কর্তব্যে গাফিলতি করেছেন তাই নয়, একই সঙ্গে তথ্যের গোপনীয়তা সংক্রান্ত নিয়ম নীতিও লঙ্ঘন করেছেন।

সাসপেন্ড হওয়া আধিকারিকদের মধ্যে রয়েছেন বারুইপুর পূর্ব বিধানসভা কেন্দ্রের ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার ERO দেবত্তম দত্ত চৌধুরী এবং অ্যাসিস্ট্যান্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার AERO তথাগত মণ্ডল। পাশাপাশি, পূর্ব মেদিনীপুরের ময়না বিধানসভা কেন্দ্রের ইআরও বিপ্লব সরকার ও এইআরও সুদীপ্ত দাসকেও সাসপেন্ড করার জন্য বলা হয়েছে।

এছাড়াও, ডেটা এন্ট্রি অপারেটর হিসেবে কর্মরত ক্যাজুয়াল কর্মী সুরজিৎ হালদারের বিরুদ্ধেও একইভাবে ফৌজদারি মামলা রুজুর নির্দেশ দিয়েছ কমিশন। এ ব্যাপারে কি পদক্ষেপ নেওয়া হলো, তা রিপোর্ট আকারে কমিশনকে দ্রুত জানানোর কথা বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের খাগড়াবাড়িতে রাজ্যের মন্ত্রী উদয়ন গুহের নেতৃত্বেই তাঁর কনভয়ে হামলা চালানো হয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি অভিযোগ করেছেন। আজ সকালে বাগডোগরা বিমান বন্দর থেকে কোচবিহারে এক কর্মসূচীতে যোগ দিতে যান শ্রী অধিকারী। সে সময় গাড়ি খাগড়াবাড়ি ঢোকার পরই বিরোধী দলনেতার গাড়ি লক্ষ্য করে

ইটপাটকেল ছোঁড়া হয় বলে অভিযোগ। বাঁশ দিয়ে মেরে গাড়ির পেছনের কাঁচও ভেঙে দেওয়া হয়। বুলেটপ্রুফ গাড়ি না থাকলে বড়সড় বিপদ হতে পারতো বলে বিরোধী দলনেতার অভিযোগ করেছেন। গোটা ঘটনায় পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন শ্রী অধিকারী।

(বাইট – শুভেন্দু)

এই হামলার পরই সাংসদ, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানান, শ্রী অধিকারীর যাত্রা পথে অন্তত ১৯ জায়গায় বিক্ষোভ দেখানো হয়েছে। গাড়িতে হামলা ছাড়াও পুলিশের উপস্থিতিতে দেখানো হয়, কালো পতাকা। দলীয় নেতৃত্বের নির্দেশ ছাড়া এধরনের ঘটনা ঘটতে পারে না বলে সুকান্তবাবুর অভিযোগ।

বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, বিরোধী দলনেতার ওপর এই আক্রমণের তীব্র নিন্দা করেছেন। তিনি বলেছেন, আদালতের নির্দেশের মান্যতা যে রাজ্য সরকার ও তৃণমূল কংগ্রেসের কাছে নেই, তা আজ আবার প্রমাণিত হয়েছে। আদালতের নজরদারিতে শুভেন্দু অধিকারী কোচবিহার গেছেন এবং রাজ্য প্রশাসনকে আদালতের নির্দেশে তার সুরক্ষার দায়িত্ব দেওয়া হলেও কার্যত পুলিশের সামনেই রোহিঙ্গা ও বাংলাদেশী জামাতিরা বিরোধী দলনেতার গাড়িতে আক্রমণ চালিয়েছে।

(বাইট – শমিক)

এদিকে, বিরোধী দলনেতার গাড়ি লক্ষ্য করে হামলার প্রতিবাদে আজ বিভিন্ন জায়গায় বিক্ষোভ কর্মসূচীতে সামিল হন, বিজেপি নেতা কর্মীরা। হাওড়ার উলুবেড়িয়া, জয়পুর মোড়, বাগনান এবং হাওড়া ময়দান সহ একাধিক এলাকায় আজ বিকেলে পথ অবরোধ করা য়। পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে বিজেপি-র প্রতিবাদ বিক্ষোভকে ঘিরে এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। অবরোধ করা হয় আসানসোল বিএনআর মোড়। বিধায়ক অগ্নিমিত্রা পাল এই ঘটনাকে গণতন্ত্রের ওপর আক্রমণ বলে জানিয়ে উদয়ন গুহর গ্রেফতারের দাবি জানান। দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপ ও পুরুলিয়া, বাঁকুড়া জেলাজুড়েও বিক্ষোভে সামিল হন দলীয় কর্মীরা। ঘেরাও করা হয় বারুইপুর থানা।

অন্যদিকে, মন্ত্রী উদয়ন গুহ যাবতীয় অভিযোগ অস্বীকার করেছেন।

oooooooooooooooooooooo

সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্য ভাতা ফের একবার মিটিয়ে দেওয়ার জন্য রাজ্যকে বলেছে সুপ্রিমকোর্ট এর দুই বিচারপতি সঞ্জয় কারল ও প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চ। আজ মামলার শুনানি চলাকালীন বিচারপতি সঞ্জয় কারল কর্মচারীদের ডি এ না দেওয়ার কারণ কি তা নিয়ে রাজ্যের আইনজীবিদের প্রশ্ন করেন এবং যতটা সম্ভব ডিএ মিটিয়ে দেওয়ার পক্ষে মত প্রকাশ করেন। বিচারপতি কারোল বলেন, মামলার নিষ্পত্তির পরে এ সংক্রান্ত বাকী বিষয়ট্রির সিদ্ধান্ত নেওয়া হবে।

রাজ্যের পক্ষের আইনজীবী কপিল সিব্বল আদালতে বলেন, কত পরিমান ডিএ দিতে হবে সে সংক্রান্ত কোনো নির্দেশ ট্রাইব্যুনাল বা হাইকোর্ট কেউই দিতে পারেনা। এ ব্যাপারে ভেবেচিন্তে নির্দেশ দেওয়ার আবেদন জানান শ্রী সিব্বাল।

এদিন রাজ্যের পক্ষে সুপ্রিমকোর্টে যে তিনজন আইনজীবী সওয়াল করেন, তাঁদের প্রত্যেকেরই বক্তব্য, ডিএ রাজ্য সরকারি কর্মচারীদের মৌলিক অধিকার নয়।রাজ্য সরকার আলোচনার ভিত্তিতে নিজের সাধ্যমত মহার্ঘভাতা কর্মচারিদের দিতে পারে। পাশাপাশি পশ্চিমবঙ্গ সহ দেশের একাধিক রাজ্য নিজেদের সামর্থ্য মত ডিএ দেয় বলেও আইনজীবিরা জানান।

আগামীকাল ফের শুনানি হবে এই মামলার।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার রহড়ায় একটি ফ্ল্যাটে থেকে প্রচুর আগ্নেয়াস্ত্র ও গুলি উদ্ধারের ঘটনায় ধৃত মধুসূদন মুখার্জীকে আজ ব্যারাকপুর আদালতে তোলা হলে, তাকে ১০ দিনের পুলিশ হেফাজত দেওয়া হয়। এর আগে তিনি অস্ত্র আইনে ধরা পড়েছিলেন বলে পুলিশ জানিয়েছে।

উল্লেখ্য গতকাল ফ্ল্যাটে তল্লাশি চালিয়ে ১৬ টি আগ্নেয়াস্ত্র, ৯০৫ রাউন্ড গুলি লেদ মেশিন, ড্রিলিং মেশিন এবং নগদ টাকা, সোনা ও প্রাচীন মুদ্রা উদ্ধার হয়।

এদিকে, জাল নথি তৈরির অভিযোগে কলকাতা পুলিশের গুন্ডাদমন শাখা গতরাতে নৈহাটি থেকে সৌমিক দত্ত নামে একজনকে গ্রেফতার করে। তাকে আজ ব্যাঙ্কশাল আদালতে তোলা হয়। এর আগে এব্যাপারে ধৃত বাংলাদেশী মন্ডেল শান্ত পালকে জেরা করে সৌমিকের হদিশ মেলে। জাল নথি তৈরি করতে সে শান্তকে সাহায্য করতো বলে জানা গেছে।

oooooooooooooooooooooo

জাতীয় হ্যান্ডলুম দিবস উপলক্ষে মঙ্গলবার হ্যান্ডলুমজাত বস্ত্র প্রদর্শনীর আয়োজন হয়েছিল কলকাতার জেডি বিড়লা ইনস্টিটিউটে। পাশাপাশি টেক্সটাইল ও ফ্যাশন টেকনোলজি পড়ুয়াদের জন্য একটি আলোচনা সভাও অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় সরকারের বস্ত্র মন্ত্রকের অধীন ডেভলপমেন্ট কমিশনার অফ হ্যান্ডলুমের আওতায় উয়েভার্স সার্ভিস সেন্টার, কলকাতার উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্য সরকারের ডিপার্টমেন্ট অফ এমএসএমই এবং টেক্সটাইল দফতরের ডিরেক্টরেট অফ টেক্সটাইলের জয়েন্ট ডিরেক্টর ডক্টর আশীষ নারায়ণ ব্যানার্জী।

উদ্যোক্তারা জানান, ৭ অগস্ট ১১ তম জাতীয় হ্যান্ডলুম দিবস উপলক্ষ্যে মূল অনুষ্ঠানটি হবে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে। তার আগে পড়ুয়াদের হ্যান্ডলুম জগতের নানা বিষয় নিয়ে সচেতন করতে এ দিনের অনুষ্ঠানের আয়োজন হয়।

oooooooooooooooooooooooooo

২ আগস্ট থেকে ১৫ আগস্ট, ২০২৫ — এই সময়সীমার মধ্যে দেশজুড়ে পালিত হচ্ছে 'হর ঘর তেরঙ্গা অভিযান'। এই কর্মসূচিকে জাতীয় জন-আন্দোলনের

রূপ দিয়ে প্রতিটি নাগরিক যেন নিজের ঘরে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং স্বাধীনতার মাহাত্ম্যে শামিল হন সেই মর্মে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যবাসীকে আবেদন জানিয়েছেন।

oooooooooooooooooooooo

২০২৬ সালে বিধানসভা নির্বাচনের পরই ঘাটালে বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনা শুরু হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। জেলা সফরে বেরিয়ে আজ বিকেলে পশ্চিম মেদিনীপুরের ঘাটাল আড়গোড়া চাতালের বন্যা পরিস্থিতি ঘুরে দেখেন তিনি। প্রশাসনের কর্তা-ব্যক্তিরা ছাড়াও সাংসদ দীপক অধিকারী, সেচমন্ত্রী মানস ভূঁইয়া সহ অন্যরা সেখানে উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী বলেন, ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে রাজ্য সরকার ইতিমধ্যেই অর্থ বরাদ্দ করেছে। বর্ষার পর কাজ শুরু হয়ে যাবে। ঘাটাল থেকেই তিনি ফের একবার বিপুল পরিমাণে জল ছাড়ার জন্য ডিভিসি-কে দায়ী করেন।

সেখান থেকেই মুখ্যমন্ত্রী আজ আবারও ভোটার তালিকায় বিশেষ  নীবিড় সংশোধন এস আই আর-এর বিরোধিতা করে অভিযোগ করেন, রাজ্যে এন আর সি চালুর চেষ্টা চলছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এর আগে মুখ্যমন্ত্রী আজ কামারপুকুর রামকৃষ্ণ মিশন ও মঠের নতুন অতিথি নিবাসের উদ্বোধন করেন। দেখা করেন আরামবাগে জলবন্দি মানুষজনের সঙ্গে।

ooooooooooooooooooooooo

লোকসভায় তৃণমূল কংগ্রেসের নতুন মুখ্যসচেতক হলেন কাকলী ঘোসদস্তিদার। দলের নতুন উপনেতা হিসাবে শতাব্দী রায়কে মনোনীত করেছেন তৃণমূল কংগ্রেস সংসদীয় দলের চেয়ারপার্সন মমতা ব্যানার্জি। আজ দলের তরফে

এক্স হ্যান্ডেলে এক বার্তায় জানানো হয়েছে, লোকসভায় দলের মুখ্যসচেতক পদ থেকে গতকাল কল্যাণ বন্দ্যোপাধ্যায় ইস্তফা দেন। আজ সেই ইস্তফাপত্র গ্রহণ করেন চেয়ারপার্সন। এরপরই নতুন পদাধিকারীদের নাম ঘোষণা করা হয়।

এদিকে, এক্সহ্যান্ডেলে এক বার্তায় কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেছেন, সঙ্কটের সময় দলীয় সাংসদ মহুয়া মৈত্রের পাশে দাঁড়িয়ে তিনি ভুল করেছিলেন। তিনি জানিয়েছেন, ২০২৩ সালে মহুয়া মৈত্রের বিরুদ্ধে একাধিক অভিযোগ উঠলে তিনি সেই সময় সাংসদের পাশে দাঁড়িয়ে তাঁকে সহায়তা করেছিলেন।

তিনি আরও লিখেছেন, মহুয়ার মতো একজনের পাশে দাঁড়ানোর জন্য তিনি দেশবাসীর কাছে ক্ষমা চাইছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রথাগত শিক্ষা ব্যবস্থা নয় বরং বাস্তবধর্মী শিক্ষাই প্রকৃত মানুষ তৈরি করতে সক্ষম বলে বিশিষ্ট শিক্ষা সংস্কারক সোনম ওয়াংচুক মত প্রকাশ করেছেন। স্টুডেন্ট এডুকেশন এন্ড কালচারাল মুভমেন্ট অফ লাদাখের প্রতিষ্ঠাতা সোনম, আজ শহরে একটি বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষামূলক কর্মশালায় যোগ দেন। দেশের নতুন জাতীয় শিক্ষা নীতি নিয়ে তিনি সন্তোষ প্রকাশ করে বলেন, এর যথার্থ প্রয়োগে শিশুদের সার্বিক বিকাশ সম্ভব হবে।

(বাইট- সোনম)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অভয়ার বিচার চেয়ে গতবছর রাজপথে গড়ে ওঠা গণ আন্দোলনে যুক্ত একাধিক সিনিয়র ও জুনিয়র ডাক্তারদের পুলিশ তলব করেছে। এই ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েছে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট প্ল্যাটফর্ম অফ Doctors। JPDর দুই যুগ্ম আহবায়ক ডাক্তার হীরালাল কোনার ও ডাক্তার পুণ্যব্রত গুণ আজ এক বিবৃতিতে

বলেন, বিষয়টি নিছক আইনি প্রক্রিয়া নয় বরং এই প্রবণতা হুমকি সংস্কৃতির নগ্ন প্রকাশ।

oooooooooooooooooooooooooooooo

নদীয়ার মায়াপুর ইসকনে আজ থেকে শুরু হয়েছে ঝুলন যাত্রা উৎসব। এ উপলক্ষে পার্শ্ববর্তী একাধিক জেলা ও দেশ-বিদেশের হাজার হাজার পূর্ণার্থীর সমবেত হয়েছে মায়াপুরে। ফুলে ফুলে সজ্জিত বিশাল দোলনায় রাধা মাধবকে চাপিয়ে দেওয়া হয় দোল। যা দেখবার মত। গোটা মন্ডপটি আলোক মালায় সেজে ওঠেছে। পুণ্যার্থীরা রাধামাধবকে দোল দিয়ে ভজন কীর্তনে মেতে ওঠেন। উৎসব চলবে আগামী পাঁচ দিনব্যাপী।

এদিকে, ঝুলন উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

oooooooooooooooooooooooooooooo